

# India to assume Chairmanship of Wassenaar

## Arrangement

December 01, 2022

## ভারত ওয়াসেনার অ্যারেঞ্জমেন্টের সভাপতিত্বের দায়িত্ব গ্রহণ করতে চলেছে

ডিসেম্বর 01, 2022

ভারত 1লা জানুয়ারি 2023 -এ এক বছরের মেয়াদকালের জন্য ওয়াসেনার অ্যারেঞ্জমেন্টের(ডব্লুএ)-র সভাপতিত্বের দায়িত্ব গ্রহণ করবে। ভিয়েনায় 30শে নভেম্বর থেকে 01 লা ডিসেম্বর 2022-এ অনুষ্ঠিত ডব্লুএ-র 26 তম বাৎসরিক পূর্ণাঙ্গ অধিবেশনে আয়ারল্যান্ডের রাষ্ট্রদূত ইওইন ও লিয়ারী ভিয়ানাতে রাষ্ট্র সঙ্ঘ এবং আন্তর্জাতিক সংস্থার ভারতের রাষ্ট্রদূত এবং স্থায়ী প্রতিনিধি, রাষ্ট্রদূত জয়দীপ মজুমদারের হাতে সভাপতিত্ব তুলে দেন।

42 তম অংশগ্রহণকারী দেশ হিসেবে ভারত ওয়াসেনার অ্যারেঞ্জমেন্ট (ডব্লুএ)-তে 08ই ডিসেম্বর 2017-তে যোগদান করে। ডব্লুএ হল একটি বহুপাক্ষিক রপ্তানী নিয়ন্ত্রক ব্যবস্থা, যেটি, প্রচলিত অস্ত্র এবং দ্বৈত-ব্যবহার্য পণ্য ও প্রযুক্তি হস্তান্তরের বিষয়ে সদস্যদের মধ্যে নিয়মিত তথ্য বিনিময়ের মাধ্যমে, এই ধরনের স্থানান্তরে স্বচ্ছতা এবং বৃহত্তর দায়িত্ব প্রচার ও অস্থিতিশীল মজুত রোধ করতে চায়। ডব্লুএ পূর্ণাঙ্গ অধিবেশন হল ব্যবস্থার সিদ্ধান্ত গ্রহণকারী সংস্থা যা ঐক্যমতের উপর ভিত্তি করে কাজ করে। ডব্লুএ-র আসন্ন সভাপতি হিসেবে, ভারত, আঞ্চলিক এবং আন্তর্জাতিক নিরাপত্তা ও স্থিতিশীলতায় ডব্লুএ-র অবদানের লক্ষ্যমাত্রাকে আরও এগিয়ে নিয়ে যাবার জন্য অন্যান্য সদস্যদের সাথে ঘনিষ্ঠ সহযোগিতায় কাজ করার জন্য প্রস্তুত এবং প্রতিশ্রুতিবদ্ধ।

নিউ দিল্লি

ডিসেম্বর 01, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.